



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাহজাদপুর, সিরাজগঞ্জ
shahjadpur.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৫০.৮৮৬৭.০০০.০৪.০০৮.২৩- ৭৪২

তারিখ: ২১/০৮/২০২৩ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় তফসিল বর্ণিত ৪টি গাছ কাল বৈশাখী ঝড়ে ভেঙ্গে পড়াইয় নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। এ প্রেক্ষিতে গাছ ৪টি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় উক্ত গাছ/মালামাল বিক্রয়ের লক্ষ্যে ক্রয় করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে শর্ত সাপেক্ষে প্রকাশ্য উন্মুক্ত দর/স্পট নিলাম আহ্বান করা যাচ্ছে।

ভেঙ্গে পড়া গাছ/মালামালের বিবরণ/তফসিল:

ক্রমিক নং	অবস্থান	গাছের বিবরণ	সরকারী মূল্য/ভিত্তি দর					সর্বমোট সরকারী মূল্য
			প্রতি ঘনফুট কাঠের দর (টাকা)	কাঠের মোট মূল্য (টাকা)	আনু: জ্বালানী (ঘ:ফু:)	প্রতি ঘ:ফু: জ্বালানীর মূল্য	জ্বালানীর মোট মূল্য	
১	পোরজনা মৌজার ইউনিয়ন ভূমি অফিস চত্বরে।	১টি বট গাছ। আনুমানিক ৪৭.১০ ঘনফুট।	৪০০/-	১৮৮৪০/-	২৫০.০	৩০/-	৭৫০০/-	২৬৩৪০/-
২	কৈজুরী মৌজার হাট-বাজারের পেরীফেরীভুক্ত জায়গা।	৩টি ইউক্যা: গাছ। আনুমানিক	৩০০/-	৪০৬২/-	-	-	-	৪০৬২
		১৩.৫৪+২.৯২=১৬.৪৬ ঘনফুট।	২০০/-	৫৮৪/-	-	-	-	৫৮৪
সর্বমোট মূল্য (কথায়): ত্রিশ হাজার নয়শত ছিয়াশি টাকা মাত্র।								৩০৯৮৬/-

স্পট নিলাম ডাকের শর্ত ও নিয়মাবলী:

- ১। প্রকাশ্য নিলাম ডাক আগামী ২৮/০৮/২০২৩ খ্রি. তারিখে সকাল ১১:৩০ টায় অনুষ্ঠিত হইবে। ডাকে অংশ গ্রহণে ইচ্ছুক ডাককারীগণ বিজ্ঞপ্তি জারী হওয়ার দিন থেকে নিলাম ডাকের পূর্ব পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিস ও উপজেলা ভূমি অফিস, শাহজাদপুর এ যোগাযোগ করে উক্ত গাছ গুলো যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় ক্রয় করার আহ্বানী হলে যথাযথভাবে গাছ দুটি পরিদর্শন করতে পারবেন ও নিলামে অংশ গ্রহণ করতে পারবেন।
- ২। স্পট নিলামের পূর্বে সকাল ১১:০০ টার মধ্যে নিলাম ডাকে অংশ গ্রহণকারী ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে কমিটির সভাপতি বরাবরে জাতীয় পরিচয়পত্র ও ট্রেড লাইসেন্স (যদি থাকে) তার ফটোকপিসহ জামানত বাবদ- ৫০০০/- (পাঁচ হাজার) টাকা অগ্রিম প্রদান করতে হবে। যা ১ম ও ২য় সর্বোচ্চ ডাককারীর জামানত জমা রাখার পর অকৃতকার্য ডাককারীর জামানত তাৎক্ষণিকভাবে ফেরত দেওয়া হবে।
- ৩। সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের সমুদয় মূল্য তৎসহ আলাদাভাবে ১০% আয়কর ১৫% ভ্যাট বাবদ অর্থ পরবর্তী ০৫ কার্য দিবসের মধ্যে নগদ টাকায় পরিশোধ করতে হবে। নিলামকৃত গাছ/মালামাল ডাককারীকে নিজ খরচে ও নিজ দায়িত্বে কার্যাদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সরিয়ে নিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ৪। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম কর্তৃপক্ষ নিলাম কার্যক্রম স্থগিত বা বাতিল করতে পারবে।

২১/০৮/২৩
(লিয়াকত সালমান)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও সভাপতি

পুরাতন মালামাল/গাছ নিলামে বিক্রয় কমিটি
শাহজাদপুর, সিরাজগঞ্জ

স্মারক নং- ০৫.৫০.৮৮৬৭.০০০.০৪.০০৮.২৩- ৭৪২(৭)

তারিখ: ২২/০৮/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ:

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
- ২। সহকারী কমিশনার (ভূমি), শাহজাদপুর
- ৩। উপজেলা প্রকৌশলী, শাহজাদপুর
- ৪। উপ-সহকারী প্রকৌশলী, (এসএ শাখা), সিরাজগঞ্জ
- ৫। থানা বন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), শাহজাদপুর।
- ৬। সহকারী প্রোগ্রামার, (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য বলা হলো)।
- ৭। অফিস কপি।



২২/০৮/২০২৩
(লিয়াকত সালমান)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

ও সভাপতি

পুরাতন মালামাল/গাছ নিলামে বিক্রয় কমিটি

শাহজাদপুর, সিরাজগঞ্জ